# মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-৩২ : যারা বলে যে বর্তমানে ইসলামী উম্মাহ অনুপস্থিত, তাদের ব্যাপারে আপনার মতমত কী?

উত্তর : বর্তমানে উম্মাতে ইসলামী অনুপস্থিত’’[1] বলার দ্বারা ইসলামী রাষ্ট্র সমূহকে তাকফীর (কাফির বলা) করা হয়। কেননা এর অর্থ এই দাঁড়ায় যে, বর্তমানে কোনো ইসলামী উম্মাহ নেই। এটা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাদীছ বিরোধী। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

لا تزال طائفة من أمتي على الحق ظاهرين، لا يضرهم من خذلهم ولا من خالفهم، حتى يأتي أمر الله ـ تبارك وتعالى ـ وهم على ذلك

আমার উম্মাহর একটি দল কিয়ামত পর্যন্ত হকের উপর প্রতিষ্ঠিত থাকবে। তাদেরকে যারা বর্জন করবে অথবা যারা তাদের বিরোধিতা করবে তারা তাদের কোনোই ক্ষতি করতে পারবে না। যতই ভ্রষ্টতা ,দলাদলি  কুফুরী ছড়িয়ে পড়ুক না কেন অবশ্যই এই আত ত্বয়িফাহ আল মুসলিমাহ (ইসলামী দল) অব্যাহত থাকবে।

আল্হামদুলিল্লাহ, বর্তমানে উম্মাতে ইসলামী অনুপস্থিত নয়। তবে ইসলামী সমাজ অথবা আত ত্বয়িফাহ আল মানছুরাহ হওয়ার জন্য পূর্ণভাবে মা’ছিয়্যাত বা পাপমুক্ত হওয়া শর্ত নয়। কেননা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তার ছাহাবীদের যুগেও মা’ছিয়্যাত ছিল। তবে সে গুলোর বিরোধিতা ও প্রতিরোধ করা হতো।

---

[1]. বড়ই পরিতাপের বিষয় হলো, দাওয়াতের সাথে সম্পৃক্ত বর্তমানের কিছু দাঈ যারা স্ব-দাবিতে ইসলামী রেনেসাঁর নেতা তাদের জনৈক দাঈ তারিফ শহরে ‘‘আল উম্মাহ আল গায়িবাহ শীর্ষক আলোচনায় একথা বলেন’’।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13106

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন